গ্রীষ্মকালীন অধিবেশন

কার্যবিৱৰণী (অসংশোধিত/প্রকাশৰ বাবে নহয়)

তাৰিখ ঃ ২৭/০৭/২০১৯ শনিবাৰ

আজি ইং ২৭-০৭-২০১৯ তাৰিখে অসম বিধান সভাৰ গ্রীষ্মকালীন অধিবেশনত 'অধ্যক্ষৰ উদ্যোগ' সন্দর্ভত বৰাক উপত্যকাৰ ওপৰত আলোচনা পূর্বৰ নির্ধাৰিত সময়-সূচী মতে ৰাতি পুৱা ৯-৩০ বজাৰ পৰা অনুষ্ঠিত হয়।

মাননীয় অধ্যক্ষঃ আজিৰ বিশেষ আলোচনা আমি আৰম্ভ কৰিব বিচাৰিছো। আমি প্রস্তাৱ এটা পাইছো আৰু এই প্রস্তাৱটো উত্থাপন কৰাৰ বাবে মই শ্রী দিলীপ পাল ডাঙৰীয়াক অনুৰোধ কৰিছো।

শ্রী দিলীপ কুমার পাল, (শিলচর)ঃ অসম বিধান সভার সন্মানীয় অধ্যক্ষ মহোদয়ের বিশেষ উদ্যেগে বরাক উপত্যকার তিনটি জেলা, অর্থাৎ কাছাড়, করিমগঞ্জ ও হাইলাকান্দির আর্থ-সামাজিক মূল্যায়ন তথা অন্যান্য আনুসঙ্গিক বিষয় সমূহ আলোচনা, পর্য্যালোচনা, পর্যবেক্ষণ, এবং সামগ্রিক বিশ্লেষণ করে সমস্য গুলোর সমাধানের সম্ভাব্য উপায় নির্ধারণ করার জন্য সমগ্র বিষয়টি পবিত্র সদনে আলোচনা করার জন্য আজ ২০১৯ সালের ২৭ জুলাই তারিখে আমি সদনে উত্থাপন করলাম।

মাননীয় অধ্যক্ষঃ মাননীয় সদস্য সকলক উদ্দেশ্যি মই এটা কথা ক'ব বিচাৰিছো যে আমাৰ 'অধ্যক্ষৰ উদ্যোগ'ত যি আলোচনা কৰা হয় সেই আলোচনাৰ জৰিয়তে আমি কিদৰে এটা অঞ্চলৰ অধিক উন্নয়নৰ কাম সম্ভৱ কৰিব পাৰো, চৰকাৰে কি উপায় ল'লে আৰু ভাল কাম হ'ব ইত্যাদি কথাবোৰ বিশ্লেষণ কৰাৰ বাবে এই আলোচনা খিনি কৰা হয়। গতিকে এনেবোৰ বিষয়ত কোনে কি কৰিলে, কোনে কি কৰা নাই ইত্যাদি কথাৰে এজনে আনজনক দোষাৰোপ কৰিব নালাগে। কাৰণ এনে ধৰণৰ বিষয়বোৰ আমি সামগ্রিক ভাৱে আলোচনা কৰিব বিচাৰো। আমি যোৱা ২৩-০৭-২০১৯ তাৰিখে বৰাক উপত্যকাৰ 'আর্থ-সামাজিক উন্নয়ন'ৰ ওপৰত আলোচনা কৰিছিলো আৰু এই আলোচনালৈ বৰাকৰ বি ভিন্ন প্রতিস্থানৰ পৰা প্রায় ১৫০ গৰাকী প্রতিনিধি আহিছিল। সেইদিনা তিনি ঘণ্টা ধৰি আলোচনা কৰিছিলো আৰু মই প্রায় ৬০-৭০ খন memorandum পাইছিলো। এই আলোচনাৰ মূল উদ্দেশ্য আছিল যে- বৰাক উপত্যকাক আমি কিদৰে আগবঢ়াই লৈ যাব পাৰো। ইয়াৰ আগতে আমি উত্তৰ কাছাৰ পার্বত্য জিলা, চাহ-বাগানৰ বিভিন্ন সমস্যা আদিৰ ওপৰত আলোচনা কৰিছিলো। কিন্তু, বৰাক উপত্যকাৰ ওপৰত আমাৰ কেতিয়াও এনে ধৰণৰ সামগ্রিক আলোচনা হোৱা নাই। ইয়াৰোপৰি আমাৰ কেইবাটাও বিষয় আছে, তাৰ ওপৰতো ভ ৱিষ্যতে আলোচনা কৰাৰ ইচ্ছা আছে। সেয়েহে, মই কৈছো আপোনালোকে যাতে নিজকে সংযত ৰাখি, এজনে আনজনক দোষাৰোপ নকৰাকৈ আজিৰ আলোচনাটো ভালদৰে আগুৱাই নিয়ে।

এতিয়া মই দিলীপ কুমাৰ পাল ডাঙৰীয়াক আৰম্ভ কৰিবলৈ কৈছো। তাৰ পিছত ৰাজদ্বীপ গোৱালা।

শ্রী দিলীপ কুমার পাল (শিলচর)ঃ স্যার আপনাকে আমরা কি ভাষায় ধন্যবাদ দেব বুঝতে পারছিনা। আপনার এই যে উদ্যোগ তার জন্য বরাক উপত্যকার প্রায় ৪০ লক্ষ মানুষ আজ আপনাকে কৃতজ্ঞতা জানাচ্ছে। এটা একটা অভিনব, দুর্দান্ত এবং অভূতপূর্ব ঘটনা। স্বাধীনতার পর এই ধরনের উদ্যোগ কখনও নেওয়া হয়নি। আমাদের মুখ্যমন্ত্রী মহোদয়কেও আমরা অভিনন্দন জানাব তাঁর

সহযোগিতার জন্য । মাত্র ৩৮ মাস হয়েছে তিনি মুখ্যমন্ত্রীর দায়িত্ব ভার নিয়েছেন। কিন্তু তিনি সব সময় বলে থাকেন, বরাক, বহ্মপুত্র, পাহাড়, ভৈয়াম। এইটা শুধু তার মুখের কথা নয়, মনেরও কথা। সম-উন্নয়ন এবং সম-বিকাশে তিনি বিশ্বাস করেন। বরাক উপত্যকার প্রতি আপনার এবং মুখ্যমন্ত্রীর যে স্নেহ সেটা আমরা উপলব্ধি করতে পারছি। ৩৮ মাসের মধ্যে মাননীয় মুখ্যমন্ত্রী প্রায় ২২ বার বরাক উপত্যকায় এসেছেন। যেটা আগে কখনও আমরা লক্ষ্য করিনি।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, গত ২৩ তারিখ আপনার উদ্যেগে যে আলোচনা সভা হয়েছিল আমাদের বরাক উপত্যকার তিনটি জেলা থেকে, যারা এসেছিলেন বিভিন্ন দল ও সংগঠনের প্রায় ১৫০ জন ব্যক্তি তারা তাঁদের মতামত ব্যক্ত করেছেন। অনেক কথা, অনেক সমস্যা উঠে এসছে। সমাধানের সূত্রও উঠে এসেছে। সমস্যার তো পাহাড় আছে। উত্তরাধিকার সূত্রে আমরা এইসব সমস্যা প্রাপ্ত হয়েছি। আমাদের সরকার এবং আপনি চেষ্টা করে যাচ্ছেন সমাধানের সূত্র বের করতে। যে কোন এলাকার উন্নয়নের প্রথম শর্ত হচ্ছে ---যোগযোগ ব্যবস্থা। যোগাযোগ ব্যবস্থা বলতে আমরা প্রথমেই বলবো রোড কমিউনিকেশন, রেল কমিউনিকেশন, ওয়াটার ওয়েজ এবং এয়ার ওয়েজ। বরাক ভেলিতে সবচেয়ে বড় যে পরিবর্তন হয়েছে সেটা হচ্ছে ব্রডগেজ। আগে মিটার গেজ ছিল। কিন্তু দেখা যায় প্রায় ১৭ বছর সেটা বন্ধ ছিল। ১৭ বছর সেই কাজ স্তব্ধ হয়ে পড়েছিল। কিন্তু মাননীয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী প্রথমবার শপথ নিয়েই ১৭ বছর যে কাজ বন্ধ ছিল মাত্র ১৪ মাসে তিনি সে কাজ শেষ করে দিলেন। অবিশ্বাস্য ব্যাপার। আজ আমরা গর্বের সঙ্গে বলতে পারি শিলচর থেকে করিমগঞ্জ ও হাইলাকান্দি হয়ে প্রায় ১২ টি ট্রেন ভারতবর্ষের বিভিন্ন জায়গায় যাচ্ছে। তবুও আমাদের সমস্যা আছে। শিলচর থেকে গুয়াহাটি যে স্পেশাল ট্রেন সপ্তাহে তিন দিন চলে, সেটাকে রেগুলার করা অর্থাৎ সপ্তাহে ৬ দিন বা ৭ দিন করা হোক এটা গণ দাবি। করিমগঞ্জ থেকে গুয়াহাটি আরেকটি ট্রেন চাই আমরা। তাতে হাইলাকান্দি বা করিমগঞ্জের মানুষের সুবিধা হবে। কার্বি-আংলং ও ডিমাসা হয়ে আমাদের আসতে হয় ট্রেন লাইনে। প্রায়ই ধসের ফলে রাস্তা বন্ধ হয়ে যায়। ট্রেন লাইন বন্ধ হয়ে যায়। এবারেও পাঁচ থেকে সাত দিন বন্ধ ছিল। তার জন্য একটি বিকল্প রাস্তা চাই। আমরা জানি সেটা নিয়ে বহুত দিন যাবৎ চিন্তা ভাবনা চলছে। পাহাড় এলাকাকে এড়িয়ে বাইপাস করে আমাদের চন্দ্রনাথপুর হয়ে লংকার যে রাস্তা সেটা নিয়ে চিন্তা ভাবনা করা যায়। আমি অনুরোধ করব আপনাকে তাহলে দূরত্ব বহুত কমে যাবে। ৭৫ কি.মি কমে যাবে। আর ধস প্রবণ এলাকা থেকেও আমরা বেরিয়ে আসতে পারবো।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের বরাকের মাটি ভালো নয় এরকম অনেক কথা আমরা শুনেছি। মহাসড়ক একটা বড় সমস্যা। আমাদের ইষ্ট-ওয়েষ্ট করিডোর শিলচর ও সৌরাস্ট্র । আমাদের প্রাক্তন প্রধানমন্ত্রী শ্রী অটল বিহারী বাজপেয়ী জীর স্বপ্নের প্রকল্প ছিল । কিন্তু ভারতবর্ষের বিভিন্ন জায়গাতে সেই প্রকল্প শেষ হয়ে গিয়েছে , কিন্তু আমাদের এই রাস্তাটি এখনও হয়নি। কাজ বন্ধ আছে প্রায় ২০ বছর। ধীরে ধীরে চলছে, অনেক জায়গা নষ্ট হয়ে গিয়েছে। এর মধ্যে সবচেয়ে যেটা চর্চিত বিষয় সেটা হচ্ছে বালাছড়া থেকে হারাঙ্গাজাও বনাঞ্চল রিসার্ভ ফরেষ্টের মাঝখানে । সেটা নিয়ে বহুবার বহু আলোচনা হয়েছে বিগত সরকারের দিনেও। ফরেষ্ট ক্লিয়ারেন্সের জন্য। সেটা হয়ে গিয়েছে। কিন্তু জমি অধিগ্রহণের কিছু ঝামেলা ছিল, এই বছর জুলাই মাসের প্রথম সপ্তাহে সেই সমস্যার সমাধান হয়ে গিয়েছে। শিলচর থেকে বালাছড়া ২৬ কি.মি রাস্তা, ভালো রাস্তা ছিল কিন্তু খারাপ হয়ে যাচ্ছে। সেই রাস্তারও রিপিয়ারিং করা প্রয়োজন। তারপর ডিটেকছড়া থেকে জাটিঙ্গা প্যাকেজ নং এ.এস ২১ পচিশ কি.মি রাস্তা, সেই রাস্তার কাজ অত্যন্ত খারাপ হওয়াতে

বাজে কাজ হয়েছিল, যার ফলে রাস্তা ধুয়ে মুছে শেষ হয়ে গিয়েছে। একই অবস্থা জাটিঙ্গা থেকে নেরিম বাংলো ২৪ কি.মি রাস্তা ধুয়ে মুছে শেষ হয়ে গিয়েছে। আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী ও গড়-কাপ্তানী মন্ত্রীকে বলব যে কেন্দ্রের সঙ্গে কথা বলে এই কাজটা যত শীঘ্র সম্ভব শেষ করার জন্য। কারণ এই রাস্তা যদি আমরা করতে পারি তাহলে আমাদের রাজ্যের ভিতর দিয়ে আমরা চলা-ফেরা করতে পারবো। অন্য রাজ্যের ভিতর দিয়ে আসতে হলে আমাদের কিছু কিছু সময়ে নানান দূর্ভোগ পোহাতে হয়। অনেক সময় রাস্তা বন্ধ হয়ে যায়, স্ট্রাইক হয় ইত্যাদি ইত্যাদি। এখানে ধস প্রবণ পাহাড়ী এলাকা ছাড়াও আরও একটি বিকল্প রাস্তা আছে, হারাঙ্গাজাও থেকে নেলী। পুরনো প্রস্তাব সেটা, কাজও অনেকদূর এগিয়েছে। এন এইচ নেশন্যাল হাই অথরিটি এটাকে নাম্বারিং করেছেন ৬২৭ এন এইচ । এই রাস্তা হলে দূরত্ব অনেক কমবে। জমি অধিগ্রহণ ঠিক হয়ে গিয়েছে। সার্ভে কমপ্লিট হয়ে গিয়েছে। প্রায় ১৭০ কি.মি দূরত্ব কমে যাবে শিলচর থেকে গুয়াহাটি। তখন দূরত্ব হবে ২৪৪ কি.মি. মাত্র। এটা বিবেচনা করলে ভালো হয়। আমাদের শিলচর কালাইন রোড বর্তমানে যেটা শিলচর থেকে শিলং হয়ে বরাকের সঙ্গে গুয়াহাটি হয়ে আমাদের ব্রহ্মপুত্রের যে সংযোগী রাস্তা সেই শিলচর কালাইন রোডেরও খুব খারাপ অবস্থা। শিলচর কালাইন রোডের জন্য ৯ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। কিন্তু সেটা যথেষ্ট নয়। কিন্তু কনট্রাক্টর কাজ করতে চাইছেনা, কেননা এর ভিতরে আমার সমষ্টির একটা অংশ আছে সিংকিং জোন প্রায় ৪০০ মিটার। সিংকিং জোন যেখানে রাস্তা ধসে যায়, যার ফলে কোন কনট্রাক্টর কাজ করতে রাজী হয়না। তিন বছর মেইনটেন্সে আছে। এটাকে কিভাবে কাটিয়ে উঠা যায় মাননীয় পূর্ত মন্ত্রীর সঙ্গে কথা বলেছি। আশা করা যায় হয়ে যাবে। কালাইন থেকে দিগর খাল রাস্তার অবস্থা, আমি গত তিন দিন আগে এসেছি খুব খারাপ হয়ে গিয়েছে। রাস্তা কিন্তু ভালো ছিল। কিন্তু মূল কারণ হচ্ছে ওভার লোডিং। এখানে প্রতি দিন প্রায় শত শত ট্রাক যাতায়াত করে। সুপ্রিম কোর্টের একটি নির্দেশ আছে যে ৯ টনের বেশী কোন গাড়ী আসতে পারবে না এই রাস্তা দিয়ে। ৯ টনের জায়গায় ৩০টন, ৪০ টন কয়লার, লাইম স্টোনের, সিমেন্টের গাড়ী আসে। শত শত গাড়ী একটা দুটো নয়। এই বিশাল লোড এই রাস্তা নিতে পারছেনা। রাস্তা নষ্ট হয়ে গিয়েছে। আমি অনুরোধ করব এই ওভার লোডিং টা বন্ধ করা হোক। বন্ধ করার জন্য একটা সমাধান সূত্র আছে। সমাধান সূত্র হচ্ছে টোল গেট বসানো। দীগর খালে বা আশে পাশে টোল গেইট বসানো। আমরা যদি স্কেনিং মেশিন বসাই, যদিও সেটা ব্যয় সাপেক্ষ। স্কেনিং বসালে গাড়ীর ভিতর কি মাল বস্তু আছে সেটা ধরা পড়ে যাবে। কারণ আমরা জানি আজকাল সুপারি, ফার্টিলাইজার এইসব স্মাগলিং হচ্ছে। এই ব্যবস্থা যদি আমারা করতে পারি তাহলে আমাদের ওভার-লোডিং বা অন্যান্য যে সব বে-আইনি কার্য্যকলাপ বন্ধ করতে পারব। শিলচর রামনগর বাইপাস একটা গুরুত্বপূর্ণ রাস্তা। ২০১১ সালে সেই রাস্তার কাজের প্রস্তাব হয়েছিল। কাজটা বন্ধ হয়ে গেছিল, কারণ এস্টিমেটটা ভূল ছিল। ২০১৬ সালে নতুন এস্টিমেট বানানো হল কাজও শুরু হয়েছে। কিন্তু অত্যন্ত ধীর গতি। এই রাস্তা খুব গুরুত্বপূর্ণ। শিলচর শহরে ট্রাফিক জাম অনেক অংশে কমে যাবে। যদি এইরাস্তা টা শুরু হয়ে যায়। এখন পর্যন্ত মাত্র রাস্তা হয়েছে ৫০ শতাংশ। এখানে মাননীয় প্রাক্তন পূর্ত মন্ত্রী পরিমল শুক্লবৈদ্য আছেন তিনি জানেন সব কিছু। এই রাস্তার কাজও ভালো হচ্ছে না। কারণ সিংকিং জোন আছে প্রায় ১ কিলোমিটার। যার ফলে আরও নতুন সমস্যা দাড়িয়েছে। সিমপ্লেক্স প্রাইভেট লিমিটেড কলকাতার কোম্পানী কাজ পেয়েছে কিন্তু কাজের গতি অত্যন্ত ধীর লয়ে চলছে। আমাদের শিলচরের রাঙ্গেরখারী থেকে অসম ইউনির্ভাসিটি পর্যন্ত রাস্তা, সেই রাস্তারও খুব খারাপ অবস্থা। আগে ভালো ছিল কিন্তু বর্ষার ফলে

আরও শোচনীয় অবস্থা, মেডিক্যাল কলেজের রাস্তাও খারাপ সেই রাস্তাকে ফোর লেন রাস্তা করার জন্য আমি অনুরোধ জানাচ্ছি। ফোর লেন হলে ড্রেইন কাম ফুটপাত হবে।কারণ ড্রেইন না থাকলে রাস্তায় জল জমে রাস্তা খারাপ হয়ে যাচ্ছে। আপনার মাধ্যমে আমি মাননীয় পূর্ত মন্ত্রীর কাছে অনুরোধ রাখছি। তেমনি আমাদের শিলচর, করিমগঞ্জে কয়েকটি ফ্লাই ওভারের প্রয়োজন। এই ফ্লাইওভারের কাজ আমাদের পরিমল বাবু যখন মন্ত্রী ছিলেন তখন অনেক এগিয়ে ছিলেন। সেই ফ্লাই ওভার কি অবস্থায় আছে সেইটা আমরা জানতে চাই, আমাদের বর্তমান পূর্তমন্ত্রীর কাছে। ফ্লাই ওভার হলে পর আমাদের সমস্যার অনেক সমাধান হবে। আমরা জানি বরাক উপত্যকায় শিল্প বলতে বিশেষ কিছু নাই। শুধু একটা সুগার মিল ছিল। সুগার মিল অনেক আগেই বন্ধ হয়ে গিয়েছে। কেন বন্ধ হয়েছে সেইটা আমরা জানি। বিশাল জমি আছে, কিন্তু সেইটা বেদখল হয়ে গিয়েছে। সেইটাকে দখলমুক্ত করে ইনডাস্ট্রিয়াল জোন করা যায় কিনা । আমরা জানি ব্রহ্মপুত্র উপত্যকায় ইনডাস্ট্রিয়ালিস্ট শিল্প স্থাপন করেছেন। সেভাবে বরাক উপত্যকায় ছোট ছোট জোন বানিয়ে শিল্পপতিদের সেই জায়গাটি দিলে আমাদের অনেক ডেভলপ্টমেন্ট হবে। হিন্দুস্থান পেপার মিল বহু চর্চিত বিষয়। দুটা ইউনিট আমাদের জাগীরোড আর কাছাড় । কাছাড়ের কথা বলবো এত বড় প্রতিষ্ঠান নষ্ট হয়ে যাচ্ছে।নেতা, মন্ত্রী, ঠিকাদার, অফিসাররা সবাই মিলে সেইটাকে ধ্বংস করেছেন। ১০০ ট্রাক কয়লা কিংবা বাঁশ ভেতরে যেত চালান হত ৫০০ ট্রাকের। এ ভাবেই লুটপাট হয়েছে। আজ ধবংস হয়ে গিয়েছে, সেটাকে আর রিভাইভ করা সম্ভব নয়। আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারকে বলব কেন্দ্রের সঙ্গে কথা বলে যারা কর্মচারীরা আছেন, তাদের বেতনের ব্যবস্থা করা, এবং বি. আর. এজ দিয়ে তাদের একটা সান্ত্বনা দেওয়া। পাঁচগ্রামের বিশাল অঞ্চল সেই জায়গাকে ডিস ইনভেস্টমেন্ট করে অন্য ইনডাস্ট্রি গঠন করা হোক। যাতে এলাকার উন্নয়ন হয়। কোন সরকারের কাজ ব্যবসা করা নয়। ব্যবসায়ীরা ব্যবসা করবে, সরকার মনিটরিং করবে। সরকার নির্দেশ দেবে, গাইডলাইন তৈরি করবে।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি ধন্যবাদ দেব মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয়কে তিনি মিনি সেক্রেটারীয়েটের কথা বলেছিলেন, জায়গা নির্বাচন করা হয়েছে, কাজও শুরু হয়ে গিয়েছে। বাউণ্ডারী ও লেণ্ড ডেভলেপ্টমেন্টের জন্য ৫ কোটি টাকার টেণ্ডার হয়ে গিয়েছে। কাজ কিছু দিনের মধ্যেই শুরু হবে। এইটা একটা সু-খবর আমাদের জন্য। মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন কেবিনেট মিটিং আমাদের বরাক উপত্যকায় হওয়া জরুরি। বরাক উপত্যকা কৃষি নির্ভর। যারা কৃষক বন্ধুরা আছেন, তারা অত্যন্ত পরিশ্রমী এবং দক্ষ। কিন্তু সুযোগ সুবিধা থেকে বঞ্চিত। অত্যাধুনিক বা বিজ্ঞান সম্মত কৃষি কাজে তারা অভ্যস্থ নয়। তার জন্য স্টেট লেভেল হোক বা সেন্ট্রাল লেভেলেই হোক একটা এগ্রিকালচার‍্যাল কৃষি ইউনির্ভাসিটি করলে আমরা সেই সুবিধা পাব। আমার কাছাড় জেলার কথা বলব, কৃষি বিভাগ ততটা সক্রিয় নয়। যার ফলে কৃষকরা বঞ্চিত হচ্ছে। মাত্র একটা ফসল তারা করছে। একটা জমিতে দুই ফসল তিন ফসল করা দরকার। যার ফলে কৃষক বন্ধুরা লাভের অংশটা বেশী পান। গ্রামের অর্থনীতি উন্নত হলে দেশের অর্থনীতি ভালো হবে। গ্রামের অর্থনীতি উন্নত হলে দেশের অর্থনীতি ভালো হবে। কাছাড় জেলার কৃষি বিভাগের কথা আমি বলব। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের বরাক উপত্যকায় ফল এবং ফুলের চাষ করা দরকার। ফলের চাষে আমরা অভ্যস্থ নই। ফলের চাষকে কি ভাবে উন্নত করা যায় , ফুল চাষ হর্টিকালচার, এণ্ডিমুগা এগুলি চাষ সম্ভব। মৌ পালন এগুলি এখানে মোটেই হচ্ছে না। ভেটেনারি বিভাগ একবারে নিষ্ক্রিয় আছে। এই বিভাগের কোন অস্তিত্বই নেই। আমাদের আর একটি কথা এখানে কোল্ড স্টরেজ,

আধুনিক বিজ্ঞান সম্মত কোল্ড স্টোরেজের সংখ্যা বাড়াতে লাগবে, যাতে কৃষকরা তাদের উৎপাদিত ফলমূল, শাক সবজি কোল্ড স্টোরেজে রেখে উপযুক্ত মূল্য পেতে পারেন। স্বাস্থ্যের ক্ষেত্রে বলব অনেক পরিবর্তন হয়েছে। হয়ত বা কেউ বলেন যে কি পরিবর্তন হয়েছে তাদের ক্ষেত্রে আমি বলবো **১৫** বছর পুরোণ চশমা পড়ে থাকলে তো আমি সেরকমই দেখবো। চশমা বদলাতে হবে। তাহলে তো ভালো করে দেখবো। মেডিক্যাল কলেজের আগে কি অবস্থা ছিল, বর্তমান অবস্থা কি হয়েছে সেইটা আমরা জানি। অনেক খামতি আছে। এখানে কার্ডিওলজি বিভাগ পূর্ণাঙ্গরূপে নেই। সেইটা দরকার। নিউরোলজি, নেফ্রোলজি বিভাগ নেই। আর কিছু কিছু বার্ণ ইউনিট নেই। কিছু কিছু ক্ষেত্রে কিছু মেশিন্যারিজ, যেমন সিটি স্ক্যান মেশিন একটা আছে। সেইটা নষ্ট হয়ে গেছে। আর একটি আছে সেটা খুব পুরনো। একটা সিটি স্কেন মেশিন চাই। ডায়োলসিসের ব্যবস্থা রেগুলার যাতে হয়, কারণ আজকাল কিডনি রোগীর সংখ্যা বেড়ে গেছে। কেন্সার ইউনিট টা ভালো করে করতে হবে। সরকারের সিদ্ধান্ত আছে কিন্তু সেটাকে ফলপ্রুসু করতে হবে।

মাননীয় অধ্যক্ষ ঃ আপুনি পাৰিলে শেষ কৰিবলৈ চাব। সকলোৱে অলপ কব।

শ্রী দিলীপ কুমার পাল (শিলচর) ঃ আমাদের সিভিল হাসপাতালের কথা বলব, আমরা আনন্দের সঙ্গে বলব যে শিলচর সিভিল হাসপাতাল এইবার প্রথম পুরস্কার পেয়েছে। ইনফ্রাস্ট্রাকচার বা টোটাল পারফরমেন্সে প্রথম পুরস্কার। সিভিল হাসপাতালের কিছু কিছু কাজও আছে। এখানে আই সি ইউ নেই আমাদের সিভিল হাসপাতালে তার ব্যবস্থা করা। কিছু ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপ্টমেন্টের প্রয়োজন আছে। আমাদের বরাক ভেলির সবাইকে উন্নত চিকিৎসার জন্য গুয়াহাটিতে আসতে হয়। অনেক ক্রিটিক্যাল পেসেন্ট নিয়ে। উপযুক্ত এম্বুলেন্স নেই। অত্যাধুনিক আই সি ইউ এম্বুলেন্স নেই। বেসরকারি উদ্যেগে একটা আছে অনেক অর্থ ব্যায় করতে হয়। আমি অনুরোধ করব যে তিনটি জেলাতেই অত্যাধুনিক আই সি ইউ যুক্ত এম্বুলেন্স দেওয়ার জন্য। ব্রহ্মপুত্রের মতো বরাক বাসীও আমরা বন্যার সময় কষ্ট পাই। যদিও এ বছর আমাদের ভগবানের কৃপায় এখনও সেই রকম বন্যার ধ্বংস লীলা হয় নাই। একটা কথা বলতেই হবে যে আমাদের সরকার আসার পর যে ভাবে বাণ ভাষী মানুষকে যে ভাবে সাহায্য সহযোগিতা সরকারের তরফ থেকে করা হচ্ছে আগে কখনও সেটা দেখিনি । ত্রাণ সামগ্রী নিয়ে সবথেকে বেশী কারচুপি হত আগে। এবার এখানে কম হয়েছে। আমার সমষ্টিতে দুটা রিলিফ কেম্প ছিল সেখানে সাফিসিয়েন্ট রিলিফ পেয়েছে। মাত্র **২৪** ঘন্টার মধ্যেই। বন্যার থেকে বাঁচতে হলে আমাদের সবথেকে বড় হল গরাখহনীয়ার যে বাঁধ ডায় গুলো মেরামত করতে হবে। আমার সমষ্টিতে দুটা বেতুকান্দি আর শিববাড়ী, সোনাইতে আছে বরখোলা কাটিগড়াতে সব জায়গাতেই আছে। এগুলির কাজ শুরু করা উচিত অবিলম্বে। সুইস গেট গুলো অনেক পুরনো সেগুলোকেও অত্যাধুনিক ভাবে মেরামতি করার দরকার আছে। শিক্ষার ক্ষেত্রে অনেক পরিবর্তন হয়েছে। আমার সমষ্টিতে **৫** টি কলেজের মধ্যে **৩** টি কলেজে অনলাইন এডমিশন প্রসেস চালু হয়েছে। যার ফলে অতীতে এডমিশন নিয়ে অনেক কিছু অনৈতিক কাজ হত সেটা বন্ধ হয়ে গিয়াছে। কিন্তু সবচেয়ে বড় সমস্যা ভর্ত্তির সমস্যা, মেট্রিক পাশ করার পর প্রচুর সংখ্যক ছেলে মেয়েরা যেটা গতকাল আলোচনা উঠে এসেছে ভর্তি হতে পারছেনা। এই এস স্কুলের সংখ্যা কম। কলেজের সংখ্যা কম। মাননীয় শিক্ষা মন্ত্রী এখানে বসে আছেন আপনার মাধ্যমে তার কাছে অনুরোধ করব যাতে কলেজের সিটের সংখ্যা বাড়ানো যায় বা নতুন করে এক দুটি কলেজ স্থাপন করা হোক। হাইস্কুল গুলোকে হাইয়ার সেকেণ্ডারীতে উন্নীত করা যায় কিনা সেইটা একটা ব্যবস্থা নিলে তাহলে এই সমস্যা টা দুর হবে। চা বাগানের যে আলোচনা

হয়েছিল আপনার উদ্যেগে তার ফল আমি পেয়েছি। চা বাগান গুলোতে অনেক উন্নতি হ্চ্ছে , কাজ হচ্ছে, রাস্তা ঘাট হচ্ছে । ছেলে মেয়েরা সুন্দর ভাবে লেখা পড়া শিখছে। কিন্তু এখনও অনেক কিছু বাকী আছে। বিশেষ করে মালিক শ্রমিক সমস্যা। আমার এখানে একটি চা বাগানে গত কয়েক দিন ধরে কিছু সমস্যা চলছে। সরকার যাতে সেই সমস্যার সমাধান করেন। খুব ভালো বাগান সেইটা খুব উন্নত। সব শেষে বলব ট্রাইবেলস জনজাতির জন্য। আমাদের এখানে জনজাতির সংখ্যা খুব বেশী নেই। কিন্তু তারাই আদিবাসী। পাহাড় জঙ্গল সব তাদের ছিল। কিন্তু আজ আমরা লক্ষ্য করেছি যে তারাই বঞ্চিত। তাদেরকে সরিয়ে আমি বলব কিছু অবৈধ অনুপ্রবেশকারী তারা দখল করে আছে। কিছু দিন আগে আমাদের মাননীয় বনমন্ত্রীর উদ্যেগে কিছু অঞ্চলে এভেকশন করা হয়েছিল। আরও অনেক আছে। সেগুলি সরিয়ে দখলমুক্ত করে আমাদের জনজাতি সম্প্রদায়ের যে সব বন্ধুরা তাদের অধিকার যেন ফিরিয়ে দেওয়া হয়। তার জন্য আমি সরকারের কাছে অনুরোধ রাখবো। এই বলে আমাকে বলার সুযোগ দেওয়ার জন্য আপনাকে ধন্যবাদ জানাচ্ছি।

মাননীয় অধ্যক্ষ ঃ ধন্যবাদ। এতিয়া শ্রী কমলাক্ষ দে পুৰকায়স্থ।

শ্রী কমলাক্ষ দে পুরকায়স্থ (উত্তর করিমগঞ্জ)ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয় প্রথমেই আপনাকে ধন্যবাদ জ্ঞাপণ করছি আপনি যে স্পীকার ইনিশিয়েটিভ নিয়েছেন তার জন্য। বিগত ২৩-৭-২০১৯ তারিখে যে মিটিং হয়েছিল সেই মিটিং এ প্রত্যেকের চোখে একটা আশা ছিল, আমরা যে কথাগুলো মিটিংএ বলছি, সেই বিষয় নিয়ে যাতে বিধান সভায় আলোচনা হয়। সেই কথাগুলো কার্য্যে যাতে রূপান্তরিত হয় সেটাই ছিল সবার মুখ্য উদ্দেশ্য। 'মঞ্জিল তক নেহি পৌছকে বিচ মে ছোড় দেনে কো মঞ্জিল নেহি কহতে'। অউর 'দো কদম কো চলনা, চলনা নেহি কহতে'।

মাননীয় অধ্যক্ষ - হিন্দী মোর নিশানা যেন পাইছো। বড় ভাল নহয়।

শ্রী কমলাক্ষ দে পুরকায়স্থ (উত্তর করিমগঞ্জ)ঃ negative mind never give us positive life. সরকার যে কাজগুলো করতে পারছে না, কেন করতে পারছে না আমি সে কথা গুলোই বলবো। ১৯৪৭ সনে অসমের অংশ ছিল সিলেট। ১৯৪৭ সালে যখন দেশ বিভাগ হয় তখন এই সিলেট পূর্ব পাকিস্থানের সাথে যুক্ত হয়। সাড়ে তিনখানা করিমগঞ্জের আশে পাশের কিছু অঞ্চল নিয়ে অসমের সাথে সংযোজিত হয় এবং কাছাড় জেলায় রূপান্তরিত হয়। কাছাড়, হাইলাকান্দি, করিমগঞ্জ এই তিনটি জেলা নিয়ে আমাদের বরাক ভেলি। সিলেটে যারা ছিল তারা দেশ ভাগের পর সাড়ে তিনখানায় এসে গেল, অর্থাৎ অসমে চলে এলো, সেইজন্য আমি মনে করি তারা মাইগ্রেটেড না। সুতরাং তারা ভারতবর্ষে ছিল আর বর্তমানে ভারতবর্ষেই আছে। আমাদের অসমে রেভিনিউ আর্ণের কোন সোর্স নেই । অসম থেকে কোন আর্ণ হচ্ছিল না তখন আমরা সিলেটকে অসমের সঙ্গে যুক্ত করি । কারণ সিলেটে রেভিনিউ আর্ণের খুব সম্ভাবনা ছিল । এইজন্য সিলেটকে নিয়ে বৃহত্তর অসম রূপান্তরিত হয়েছিল। ২৩ তারিখে যে সব বক্তব্য রাখা হয়েছিল তার মধ্যে অরিজিৎ আদিত্য, তৈমুর রাজা চৌধুরী, বিগ্রেডিয়ার রঞ্জিত বরঠাকুর, হাবিবুর রহমান ও পরমানন্দ রাজবংশী সকলের মুখে কিন্তু একটা কথা ছিল যে সমন্বয়ের অভাব, বরাক ও ব্রহ্মপুত্রের মধ্যে সংস্কৃতির অভাব। সকলেই একই কথা বলেছিলেন যে বরাকের উন্নতির আগে মানসিকতার উন্নতি করতে হবে, না হলে কিন্তু বরাকের উন্নতি সম্ভব নয়। অসম সরকারের কোন একজন মন্ত্রী বলেন আপনাদের ট্রেন্সফার করব করিমগঞ্জ বা হাইলাকান্দিতে অর্থাৎ পানিসমেন্ট ট্রেন্সফার। কিন্তু সেই মানসিকতা কেন? আগে কোকরাঝারে সেটা করা হত। কিন্তু বর্তমানে মানুষ স্ব-ইচ্ছায় কোকরাঝারে যেতে রাজী হয়। কিন্তু বর্তমানে করিমগঞ্জ, হাইলাকান্দির ক্ষেত্রে কেন এই মানসিকতা

গড়ে উঠছে? বিধান সভায় ৭৩৫ নং প্রশ্নে আমি ২৬-৩-২০১৮ তে একটি প্রশ্ন করেছিলাম । সেই প্রশ্নে আমি জানতে চেয়েছিলাম ভাষা আন্দোলনে কত জন শহিদ হয়েছিলেন। ভাষা আন্দোলন অনেকবার হয়েছিল, ১৯৬১, ১৯৮৬ তেও হয়েছিল। সেই প্রশ্নে উত্তরে দেওয়া হয়েছিল ১৯৬১ এর ১৯ মে ১১ জন, ৮৬ এর ২১ শে জুলাই ২ জন এবং বিশেষ করে ১৯৯৬ তে বিষ্ণুপ্রিয়া মনিপুরীর সুদক্ষিণা সিনহা শহিদ হয়েছিলেন। কিন্তু উনাদেরকে কেন আর্থিক সাহায্য দেওয়া হল না? পরিবারের কোন ব্যক্তিকে চাকরি দেওয়া হলো কিন? সেই প্রশ্ন গুলো আমি করেছিলাম। ভাষা আন্দোলন কেন হয়েছিল সে কথা গুলো জানা দরকার। বিধান সভায় প্রশ্ন করার পর আমার কাছে বার বার বরাক থেকে ফোন আসছে যে সেই কথাগুলো যেন তুলে ধরা হয়। আমি উনাদেরকে আশ্বাস দিয়েছি যে আমি এই কথা গুলো বিধান সভায় তুলে ধরব। অন্যান্য ভাষা আন্দোলনের শহিদদের যেভাবে সাহায্য করা হয়েছিল কিন্তু বরাকের ভাষা আন্দোলনের শহিদদের কিন্তু সেভাবে সাহায্য করা হয়নি। ২০১৮ সালে বলা হয়েছিল শহিদদের পরিবারের তথ্য সংগ্রহ করা হচ্ছে। কিন্তু আজ অবধি তথ্য সংগ্রহ করা হয়নি। বিত্ত মন্ত্রী আমাকে আশ্বাস দিয়েছিলেন যে নিশ্চয়ই আমরা ভাষা আন্দোলনের শহিদদের আর্থিক সাহায্য করবো। কিন্তু আজ অবধি কিছুই করা হয়নি। এইটা আমাদের একটা ক্ষোভ। পরমানন্দ রাজবংশী খুব ভালো একটা বলেছেন যে, সমন্বয় আমাদের বরাকের যেগুলো ভাষা-সংস্কৃতি আছে সেগুলো অসম সাহিত্য সভার যে প্রোগ্রম হবে শুয়ালকুচিতে সেখানে বরাকের সেই প্রোগ্রাম গুলো করা হবে। খুব ভালো প্রস্তাব। আমাদের মধ্যে যে ভাতৃত্ববোধ সেটা গড়ে উঠবে। সেই সঙ্গে তিনি বলেছিলেন আমাদের বরাকে কোচ রাজবংশী বা অসমীয়া গ্রাম যেগুলো আছে সেগুলোকে উন্নত করতে হবে। আমরা চাই যে সেই গ্রাম গুলোকে মডেল ভিলেজ করা হোক এবং তাদের আরও বেশী করে সাহায্য করা হোক। আমি সরকারকে অনুরোধ করব যে সেই গ্রাম গুলোকে আর্থ সামজিক ভাবে উন্নত করা হোক। আমার প্রশ্ন হচ্ছে, সেখানেই যে উনি বলেছিলেন খিলঞ্জিয়া গ্রাম গুলোর কথা । আজ ২০০, ৩০০ বছর ধরে সংখ্যালঘু ভাইরা যারা বরাকে বসবাস করছেন তারা কি খিলঞ্জিয়া হয় কি হয় না? ৩০০ বছরের আগের নথি পত্র তাদের আছে। সেই ক্ষেত্রে এই অঞ্চলের যারা খিলঞ্জিয়া আছেন তাদের সংজ্ঞা টি কি? বা খিলঞ্জিয়া কি ভাবে নির্ধারণ করা হবে, সেই কথাটি নিয়ে মানুষ বিরাট একটা প্রশ্নের সন্মুখীন। আমার প্রশ্ন ছিল অসম চুক্তির ৬ নং দফায় সংশোধন করে অসমীয়ার জায়গায় খিলঞ্জিয়া শব্দটি অন্তর্ভুক্ত করা হবে কিনা? অসম চুক্তিতে অসমীয়া কথাটি বলা হয়েছে। সেখানে খিলঞ্জিয়া শব্দের কোন উল্লেখ নেই। আমি প্রশ্ন করেছিলাম অসম চুক্তিকে পালন করা হবে কিনা? তখন তিনি বলেছিলেন অসম চুক্তিতে খিলঞ্জিয়া শব্দ নেই অসমীয়া শব্দটি আছে। সুতরাং আপনি কোন চিন্তা করবেন না। অসমীয়া শব্দটিই থাকবে। clause ৫ এর কোন implement করা হল না। clause ৬ এর জন্য কমিটি গঠন করা হল। Bengali is the 2nd largest community in Assam. ১৩ জনের যে কমিটি গঠন করা হল clause ৬ implement করার জন্য তাতে একজনও বাঙ্গালী বা অন্য জনগোষ্ঠীর প্রতিনিধি নেই। বৃহৎ সংখ্যক জনগোষ্ঠীকে বাদ দিয়ে কিভাবে clause ৬ implement করা হবে, সেটা বরাকের মানুষের মনের মধ্যে একটা ক্ষোভ। আমরা যখন বলি বরাক, ব্রহ্মপুত্র ,পাহাড়, ভৈয়ামের কথা, সমবিকাশের কথা, সংবিধানে শপথ নেওয়ার সময় বলি যে আমরা অসমের ও ভারতবর্ষের সব জনসাধারণের কথা চিন্তা করব। আমদের সংবিধানে সম-অধিকারের কথা বলা হয়েছে । কিন্তু আজ এই সম-অধিকার কোথায়? আমাদের ভাষা শহিদ স্টেশনের ক্ষেত্রে ২০১৬ সালের ৭ নভেম্বরে কেন্দ্রীয় সরকার থেকে নো অবজেকশন এসেছিল।

গেজেট নোটিফিকেশনের জন্য হিন্দী, দেবভাষা, ও লোকাল ভাষা দিয়ে সেটা পাঠানোর জন্য। আমি মুখ্যমন্ত্রীর সঙ্গে যোগাযোগ করি, মন্ত্রী সভার অনেক মন্ত্রীর সাথে যোগাযোগ করি কিন্তু আজ অবধি ২০১৬ পর অনেক ফাইল এলো। অনেক রেল ষ্টেশনের নাম পরিবর্তন করা হল। ২০১৬ তে কেন্দ্রীয় সরকার নাম পরিবর্তনের জন্য নাম পাঠানোর জন্য বলেছিল। কিন্তু শিলচার রেল ষ্টেশনকে ভাষা শহিদ রেল ষ্টেশনে আজ অবধি রূপান্তরিত করা হল না। সেইটা আমাদের বরাক বাসীর ক্ষোভ। এই যে অবহেলা, ফাইল আসে বিভাগীয় মন্ত্রীদের কাছে বলা হলে সেই ফাইল টা কিন্তু লাল সূতোয় বান্ধা থাকে কিন্তু আর কার্যকরী হয় না। আমি শিক্ষা মন্ত্রীকে বলেছিলাম বিশেষ করে বরাক ইঞ্জিনিয়ারিং কলেজ আর গোলাঘাট ইঞ্জিনিয়ারিং দুটো প্রায় একসঙ্গে শুরু হয়েছিল। দুটো ব্রাঞ্চ দিয়ে শুরু হয়। বর্তমান সময়ে সিভিল ইঞ্জিনিয়ারিং ও মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং সেই দুইটা আমাদের All India Council of Technical Education এর approval এসেছিল। ক্লাশ শুরু হবে। counselling হবে। সবাই এডমিশনের জন্য প্রস্তুত। কিন্তু আজ অবধি ক্লাশ শুরু হয় নাই। আমাদের গোলাঘাট ইঞ্জিনিয়ারিং কলেজে ১৫ জন শিক্ষককে রি-এটাচমেন্ট করে রাখা হয়েছে। আমার মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে অনুরোধ যে গোলাঘাট ও বরাক দুটো ইঞ্জিনিয়ারিং কলেজ যাতে রক্ষা হয়। প্রত্যেকটা অঞ্চলের যাতে বিকাশ হয়, মানুষ তাদের সম-বিকাশ থেকে যাতে বঞ্চিত না হয়। ২০১৬-১৭, ১৭-১৮, ১৮-১৯, ১৯-২০ যে বাজেট হয়েছিল সেই বাজেটে বরাকের উন্নয়নের জন্য অনেক কথা ঘোষণা করা হয়েছিল। আমি খুশী হয়েছিলাম একজন বরাকের সন্তান হিসাবে, একজন ভারতবাসী হিসাবে আমি খুশী হয়েছিলাম। কিন্তু সেই বাজেটে যে কথা গুলো বলা হয়েছিল, দিলীপ বাবু এখানে আছেন সেই বাজেটে ফ্লাইওভার, প্লেনেটোরিয়াম, স্বামী বিবেকানন্দ কমিউনিটি হল, শিলচরে ইকো পার্ক, ডিস্ট্রিক্ট লাইব্রেরি, মিনি সেক্রেটারিয়েট, ৫ টি ব্রিজ, করিমগঞ্জে মেডিক্যাল কলেজ, ডেন্টাল কেন্সার ইউনির্ভসিটি, এগ্রিকালচার ইউনির্ভাসিটি, সুতারকান্দি বর্ডরকে ওয়াঘা বর্ডারের ন্যায় রূপান্তরিত করার কথা বলা হয়েছিল। অনেক টাকার কথা বলা হয়েছিল। আমি প্রশ্ন করতে চাই যে, বাজেটে যেগুলির কথা বলা হয়েছে সেগুলি কত শতাংশ আমরা রূপান্তরিত করতে পারলাম। প্রত্যেক বাজেটের কাজ সেই বাজেটেই শেষ করতে হবে। ১৬-১৭ র কাজ ১৬-১৭ তেই শেষ করতে হবে। ১৯-২০ এর কাজ ১৯-২০ শুরু করতে হবে, হয়ত বা দু তিন বছর তার জন্য লাগবে। দিলীপ পাল মহাশয় পাঁচ গ্রাম পেপার মিলের কথা বলেছেন। পাঁচগ্রাম পেপার মিলে প্রায় ৪৬ জন আত্মহত্যা করেছেন। মুখ্যমন্ত্রীর সামনে একটি মেয়ে এসে কেঁদে কেঁদে বলেছিল, বাবার মুখের দিকে তাকালে আমার কান্না পায়। ২০১৪ সালে আমাদের মাননীয় প্রধানমন্ত্রী এসে বলেছিলেন যে পাঁচগ্রাম ও নগাঁও পেপার মিল চালু করবেন। কিন্তু আজ পর্যন্ত চালু হলনা। আগে কি হয়েছে? কে চুরি করলো, কে করল না, আমি বলব অধ্যক্ষ মহোদয় যারা চুরি করেছে তাদের কঠোর শাস্তি দেওয়া হোক। কিন্তু আজ পর্যন্ত পাঁচগ্রাম পেপার মিল চালু হল না। ৪৬ জনকে আত্মহত্যা করতে হল শুধু চিকিৎসার অভাবে, খাদ্যের অভাবে।

অধ্যক্ষ মহোদয়, এগ্রিকালচারে বরাক উপত্যকা অসমের মধ্যে অনেক এগিয়ে আছে। প্রচুর সম্ভাবনা আছে এখানে। অসম এগ্রিকালচার ইউনির্ভাসিটি করার জন্য তৎপরতা শুরু হয়েছে। কে. এম বিজয় বরুয়া, ভাইস চেন্সেলার তিনি চিঠিও দিয়েছেন যে ৫০০ হেক্টর জায়গা চাই। কিন্তু আজ অবধি আমরা জায়গা ঠিক করতে পারি নাই। আকবরপুর রিচার্স সেন্টার একটা আছে সেখানে ২০০ বিঘা জায়গা আছে। মালুয়া ও পাথারকান্দিতেও জায়গা আছে। আমি একটা প্রস্তাব দিয়েছিলাম যখন কোন ইউনির্ভাসিটি হয় সেখানে অনেক গুলো ব্রাঞ্চ হয়, তিন চারটা কলেজ হয়। এই তিনটা

জায়গা মিলে ১০০০ বিঘা জায়গা দিলে আমাদের সমস্যার সমাধান হবে। কিন্তু আজ অবধি ছয় সাত টা চিঠি দেওয়ার পর কোন জায়গার বন্দোবস্ত করা হয় নি। অফিসাররা সেখানে যায় কাজ করে, কিন্তু সেই অঞ্চলের মানুষের জন্য যে কাজ করব সেই মানসিকতা নেই। অধ্যক্ষ মহোদয় আমি কালকে অনশনে বসেছিলাম। কিন্তু আপনি বলেছিলেনম যে অনশনে বসতে হবে না। আপনি কাস্টডিয়ান অফ দি হাউস, এবং আমাকে আশ্বাস দিয়েছিলেন যে কাজটি শুরু করা হবে। আমাদের ১৩০ কে. ভি পাওয়ার সাব স্টেশন ২০১৩ তে approval হয়। কাজ শুরু হয়েছিল ২০১৪ সনে। কাজটা দুইটা কাম্পানীকে দেওয়া হয়। কনষ্ট্রাকশনের কাজটা শেষ হয়। ২৫ কোটি টাকার প্রজেক্ট ছিল। ৯৩ টা টাওয়ার ছিল, কিন্তু এর মধ্যে মাত্র ১৩ টা টাওয়ারের কাজ শেষ হয়। ২০১৬ তে নতুন সরকার আসার পর আর কাজ হয় নাই একটা টাওয়ারেরও। সেটা শুধু আমার কথা নয়, তথ্য বলছে। আমাদের করিমগঞ্জ বাসির বর্তমান কারেন্ট দরকার ৩০ মেগাওয়াট। কিন্তু আমরা মাত্র ১৫ মেগাওয়াট কারেন্ট পাই। আর সরটেজের জন্য ১০ মেগাওয়াট কারেন্ট পাই। প্রতিদিন তিন চার ঘন্টা ধরে লোডশেডিং থাকে । আর মাত্র এক ঘন্টা কারেন্ট থাকে। আজ আমরা বিদ্যুৎ ছাড়া ডেভেলপ্টমেন্টের কথা চিন্তা করতে পারিনা। বিদ্যুৎ ছাড়া কোন ইনডাস্ট্রি হতে পারে না । করিমগঞ্জে কোন ইনডাস্ট্রির হতে পারবে না যেহেতু বিদ্যুৎ নেই। সৌভাগ্য যোজনার অধীনে ২০ হাজার নতুন কানেকশন দেওয়া হয়েছে, তার জন্য আরও ৪ মেগাওয়াট বিদ্যুৎ বেড়ে গেল । বিদ্যুৎ দেওয়া হচ্ছে কিন্তু আমাদের করিমগঞ্জে কারেন্ট নেই। আমাদের অসম সরকারের পক্ষ থেকে একটা পুস্তিকা বের হয়েছে 'বৈচিত্রপূর্ণ অসম'। সেই পুস্তিকাতে বরাক ভেলির জনসাধারণকে অনেক ছোট করে দেখানো হয়েছে। সেখানে বলা হয়েছে বঙ্গিয়মূলের মানুষ, ভারতবর্ষের নয়। অধ্যক্ষ মহোদয় আমরা ভারতবর্ষেই ছিলাম, আমাদের জন্ম ভারতবর্ষেই দেশ বিভক্ত হয়েছে তো আমাদের দোষ কি? আমরা কি দেশ বিভক্ত করেছি? পার্টিশন হল একটা নিয়মে কিন্তু আমরা তো আবার ভারতবর্ষে চলে আসলাম। অসম সরকারের যে পুস্তকগুলো বের হয় সেখানে দরকার যদি হয় বরাক ভেলির এক্সপার্ট দের রাখা হোক। সেখানে অন্ততপক্ষে ভূল তথ্য প্রকাশিত হবে না। রোড কমিউনিকেশনের কথা দিলীপ পাল মহাশয় বলে গেছেন। বিশেষ করে সতেরো আঠারো বছরের ছেলে মেয়েরা ভয়ানক ভাবে ড্রাগ আসক্ত। পাঞ্জাবে যে অবস্থা তার থেকে ভয়ানক অবস্থা আমাদের বরাক ভেলিতে। যুব সমাজ একদম শেষ হয়ে যাচ্ছে। চাকরির কোন সুবিধা নেই, প্রাইভেট কোম্পানী নেই, ইনডাস্ট্রি নেই, বিকেল হলেই শুরু হয়ে যায় ড্রাগের আড্ডা। ছোট ছোট কৌটা থাকে আর সেইটা নিয়ে বাচ্চারা বিক্রী করে। সেটাই তাদের জীবিকা। আমি চাই একটা টাস্ক ফোর্স পাঠানো হোক। যারা এই কাজে যুক্ত আছে তাদের দৃষ্টান্তমূলক শাস্তি দেওয়া হোক। কয়েকদিন আগে পি এন আর ডির চাকরি দেওয়া হল কিন্তু বরাক ভেলিতে মাত্র ২ শতাংশ দেওয়া হল। আমরা এসি এস অফিসারের পদ চাচ্ছি না অন্তত পক্ষে থার্ড গ্রেড, ফোরথ গ্রেডের চাকরি দেওয়া হোক। কিন্তু তাও দেওয়া হল না। সেটাই আমাদের বরাক বাসীর ক্ষোভ। অধ্যক্ষ মহোদয়, আমরা চাই আমাদের বরাক ভবন একটা বানানো হোক। আমরা দেখেছি বি. টি. এডির একটা ভবন আছে। বরাকের গরীব মানুষের জন্য একটা ভবন বানানো হোক। বরাকের মানুষকে আসতে হয় মেঘালয় দিয়ে। যদিও ট্রেনের লাইন হয়েছে কিন্তু বেশীর ভাগ সময় ধস নামে সেই রাস্তায়। আর ফ্লাইটের ভাড়া তো অনেক । আমাদের নিউরোলোজির কোন বিভাগ নেই। বিশেষ করে স্ট্রোক যখন হয় তখন সেই স্ট্রোকের চিকিৎসা করার কোন হসপিটাল নেই । প্রায়ই গুয়াহাটি আসতে হয়। গুয়াহাটি আসার সঙ্গে সঙ্গে মৃত্যু হয় ।

মাননীয় অধ্যক্ষ ঃ দিলীপ পাল ডাঙৰীয়াই এই কথাখিনি উল্লেখ কৰিছে। আপুনি যিমান পাৰে চমু কৰক, মই আৰু সময় দহ মিনিট বঢ়াই দিছো।

শ্রী কমলাক্ষ দে পুরকায়স্থ (উত্তর করিমগঞ্জ)ঃজ্যোতি চিত্রবনের মতো যাতে একটা প্রতিষ্ঠান করা হয় বরাকে কারণ অনেক প্রতিভা আছে সেখানে, কিন্তু প্র্যাকটিস করার মতো কোন প্রতিষ্ঠান নেই। আমি মনে করি সিলেটিদের মধ্যে অনেক প্রতিভা আছে। আমি নিজেও একজন সিলেটি। জ্যোতি চিত্রবনের মতো একটা প্রতিষ্ঠান বানানো হোক যেখানে বরাকের ছেলে মেয়েরা যাতে প্র্যকটিস করতে পারে।

মাননীয় অধ্যক্ষ - দেবজিৎ সাহা শিলচৰৰ নে? প্রতিভা আছে।

শ্রী কমলাক্ষ দে পুরকায়স্থ (উত্তর করিমগঞ্জ)ঃ প্রতিভা আছে স্যার। আমাদের প্রথম স্বাধীনতা সংগ্রাম ১৯৫৭ সালে মালেগড়ে শুরু হয়েছিল। লাতু অঞ্চলে ২৬ জনকে শহিদ করা হয়েছিল। চিটাগাঙ্গ থেকে অস্ত্রাগার লুণ্ঠন করে ভারতীয় সৈনিকরা এখানে এসেছিল এবং ইংরেজ সৈনিকের সাথে যুদ্ধ হয়। ২৬ জন ভারতীয় জওয়ান সেখানে শহিদ হন। আমি মুখ্যমন্ত্রীর চেম্বারে গিয়ে বলেছিলাম তিনি বলেছিলেন আমাদের জানা ছিল না। আমরা সেখানে নিশ্চয় কিছু একটা ব্যবস্থা করব। আমি চাই সেই স্থানকে সংরক্ষণ করা হোক। সেটা আমাদের একটা সেন্টিমেন্ট ভারতীয় হিসাবে। বরাক ভেলির উন্নয়ন হোক, আমরা চাই প্রত্যেক টা ভেলির মধ্যে যাতে একটা সু-সম্পর্ক গড়ে উঠে। আমি একটা গল্প দিয়ে শেষ করতে চাই। গল্পটা পজেটিভ। একজন ভদ্রমহিলা একটা মন্দিরে গেল। মন্দিরে থেকে বেরিয়ে যাওয়ার সময় ভদ্রমহিলা পূজারীকে বলছিল কাল থেকে আমি আর মন্দিরে আসব না। পূজারী বললেন আপনি কি সিদ্ধান্ত নিয়ে নিয়েছেন যে মন্দিরে আসবেন না। ভদ্রমহিলা বললেন হ্যা আমি সিদ্ধান্ত নিয়ে নিয়েছি, কারণ মন্দিরে অ-সামাজিক কার্যকলাপ হয়। ছেলে মেয়েদের আড্ডা। মন্দিরে যে পরিবেশ সেখানে পূজো করতে পারব না। পূজারী বললেন ঠিক আছে আপনি যখন সিদ্ধান্ত নিয়ে নিয়েছেন আসবেন না তাহলে আমি আপনাকে একটা কাজ দিচ্ছি। এক গ্লাস জল দিয়ে পূজারী বললেন যে আপনি জলটা নিয়ে পুরো মন্দির প্রদক্ষিণ করে জলের গ্লাস টা আমার হাতে দেবেন। জল যাতে এক ফোটাও না পড়ে। তখন ভদ্রমহিলা প্রদক্ষিণ করে জলের গ্লাস টা পূজারীকে দিলেন আর বললেন এক ফোটা জলও পড়েনি। তখন পূজারী বললেন আপনি দেখেছেন কিনা অ-সামাজিক কার্যকলাপ । তখন মহিলা বললেন আমার তো ধ্যান ছিল জলটা যাতে পড়েনা। তখন পূজারী বললেন মন্দিরে যখন আসবেন তখন মন্দিরের ভগবানের দিকে ধ্যান রাখবেন অন্যদিকে নয়। ঠিক সেই ভাবে অসম সরকারকে কাজ করে যেতে হবে নিষ্ঠার সাথে। বরাকের সমবিকাশ, অসমে যাতে সব জায়গায় সম বিকাশ হয়, উন্নয়ন হয় সেই দিকে লক্ষ্য রাখতে হবে। আমি গুণ গাব কিন্তু ভুল গুলোকেও তুলে ধরবো। টেকনোলোজির যুগ এখন। সেই প্রযুক্তিবিদ্যাকে কাজে লাগিয়ে আমাদের কৃষ্টি, কালচার, সভ্যতা সব কিছু যাতে অক্ষুন্ন থাকে সেই দিকে নজর দিতে হবে। 'বিবিধের মাঝে মহান মিলন' সেই আপ্ত বাক্য যাতে আমাদের সবার মনে থাকে। নমস্কার।

মাননীয় অধ্যক্ষ ঃ এতিয়া ৰমেন্দ্র নাৰায়ণ কলিতা । ইয়াৰ পিছত সুজাম উদ্দিন লস্কৰ ।

শ্রী ৰমেন্দ্র নাৰায়ণ কলিতা (পশ্চিম গুৱাহাটী) ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয় মই মুখ্য কথাখিনিৰ ওপৰত কম বেছি দিঘলীয়া নকৰো । মাননীয় অধ্যক্ষৰ বিশেষ উদ্যোগত বিশেষ ভাবে বৰাক উপত্যকাৰ আর্থ-সামাজিক দিশক কি ভাবে অনাগত দিনত বিকাশ আৰু উন্নয়নৰ ক্ষেত্রত বিভিন্ন পদক্ষেপত আগবঢ়াই লৈ যাব পাৰে তাৰ বাবে এনে ধৰণৰ প্রচেষ্টা হাতত লোৱাৰ বাবে মই বিশেষ

ভাবে আপোনাক ধন্যবাদ জ্ঞাপন কৰিছো । বিশেষ ভাবে এই বিধান সভাত আপুনি কেৱল বৰাক উপত্যকাতে নহয়, ইতিমধ্যে আমাৰ পার্বত্য অঞ্চল আৰু চাহ জনগোষ্ঠীৰ আর্থ-সামাজিক দিশতো উন্নয়নৰ বাবে পুংশানুপুংশ ভাবে আলোচনা কৰা হৈছে । আমি বিশেষ ভাবে জানো যে বৰাক উপত্যকাৰ মানুহ খিনিৰ এটা ক্ষোভ আছে আৰু এই ক্ষোভ খিনি প্রসম্বিত কৰাৰ ক্ষেত্রত আমাৰ ৰাজ্য চৰকাৰো বিশেষ দ্বায়িত্ব আছে। অধ্যক্ষ মহোদয়, আমাৰ ৰাজ্য খন বিশেষ ভাবে তিনিটা ভাগত বিভক্ত কৰা হৈছে । এটা হৈছে ব্রহ্মপুত্র উপত্যকা, বৰাক উপত্যকা আৰু এটা হৈছে পার্বত্য অঞ্চল । আমাৰ যিহেতু এই উপত্যকাতো আমাৰ ইয়াৰ মাজেৰে ব্রহ্মপুত্র নদী বৈ গৈছে আৰু এই ব্রহ্মপুত্র নদীৰ নামেৰে বৰাক উপত্যকা আৰু ব্রহ্মপুত্র উপত্যকা নদীৰ নামাকৰণ কৰা হৈছে । ৰাজ্য খনৰ এই ব্রহ্মপুত্র উপত্যকা মাটিকালিৰ পৰিমান হ'ল ৭১.৭ শতাংশ। ঠিক সেইদৰে বৰাক উপত্যকাৰ মাটিকালিৰ পৰিমান হ'ল ৬২২২ বর্গ কিলোমিটাৰ । বিশেষ ভাবে বৰাক উপত্যকাৰ আর্থ-সামাজিক দিশত আমি কি ধৰণে আগবাঢ়িলে ভাল হয় এই ক্ষেত্রত মই দুটামান কথা ক'ব বিচাৰিছো । প্রথমে মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাৰ মানুহৰ মানসিকতা পৰিবর্তন কৰিব লাগিব। যদি মানসিকতাৰ পৰিবর্তন নহয় তেনেহ'লে আমি যিমানে উদ্দেশ্য লৈ আগ নাবাঢো কিয় সেই উদ্দেশ্য কেতিয়াও ফলপ্রসু হ'ব নোৱাৰে । গতিকে প্রথম কথা হৈছে আমাৰ লগতে সকলোৰে মানসিকতাৰ পৰিবর্তন হ'ব লাগিব । তেতিয়া হ'লে এখন সুস্থ সমাজ গঢ় দিয়াত আমি ফলপ্রসু হম । মাননীয় সদস্যসকলক মই যদি ভূল কৈছো , ক্ষমা কৰিব যে বৰাক উপত্যকাত আজি যিটো দুর্নীতিৰ কলা ডাৱৰে আৱৰি আছে, এই কলা ডাৱঁৰ আঁতৰাব লাগিব। আমাৰ চৰকাৰ অহাৰ পিচত কলা ডাৱৰ কিছু পৰিমানে আঁতৰি পোহৰ পৰা পৰিলক্ষিত হৈছে। এই পোহৰ আমি অব্যাহত ৰাখিব লাগিব। এইটো অব্যাহত ৰাখিব পৰা যাব যদিহে আমি আমাৰ মানসিকতাৰ পৰিৱর্ত্তন আনিব পাৰো। বিগত দিনৰ অভিজ্ঞতাৰ পৰা মই দেখা পাইছো, দুর্নীতি আমি নির্মূল কৰিব নোৱাৰো কিন্তু দূর্নীতি হ্রাস কৰাৰ ক্ষেত্রত আমাৰ ৰাইজৰ প্রতিনিধি সকলোৰে এটা গুৰুত্বপূর্ণ দায়িত্ব থকা বুলি মই অনুভৱ কৰিছো। বৰাক উপত্যকাৰ বিকাশ যদি আমি কৰিব লাগে তেন্তে মূল কথাটো হৈছে যোগাযোগ ব্যৱস্থাৰ উন্নয়ন। বৰাকৰ যোগাযোগ ব্যৱস্থাৰ আজি আমি যিমানেই নকওঁ কিয় মানিব লাগিব যে কিছু পৰিৱর্ত্তন হৈছে অলপ হ'লেও উন্নতি হৈছে। ইতিমধ্যে আমাৰ পাল ডাঙৰীয়াই কৈছে যে- আজি ব্রডগজ লাইন হৈছে, তাৰ ফলত ব্রহ্মপুত্র ভেলীৰ লগত এটা ভাল যোগাযোগ ব্যৱস্থা হৈছে। বিশেষভাবে বৰাক উপত্যকাৰ লগত মনিপুৰ- ত্রিপুৰা বা মিজোৰামৰ লগতো কিছু হ'লেও যোগাযোগৰ ব্যৱস্থাটো ভাল হৈছে। বিশেষভাবে আমি এতিয়া বিমান সেৱাৰ জৰিয়তে যোগাযোগ ব্যৱস্থাটোত গুৰুত্ব দিব লাগে। কাৰন বিমানৰ জৰিয়তে যোগাযোগ এতিয়াও বৰাকত অলপ কম আছে। এতিয়া যোগাযোগৰ ব্যৱস্থাটো বাংলাদেশৰ লগত ভাল হৈছে, তেনেকৈ উত্তৰ পূর্ব্বাঞ্চলৰ আন আন ৰাজ্যৰ লগত অলপ হ'লেও ভাল হৈছে। শিলচৰ চহৰ যিহেতু বৰাক উপত্যকাৰ কেন্দ্রবিন্দু আৰু এই শিলচৰ চহৰত যিটো বিমান বন্দৰ আছে সেইটো উন্নত কৰিব লাগে। নিম্নতম সুবিধাখিনি বিমান বন্দৰটোত থকাটো নিতান্তই প্রয়োজনীয়। বর্ত্তমানৰ চৰকাৰে তাত ৫০০ বিঘা মাটি চাবলৈ দিয়া বুলি অবগত হৈছো। ইতিমধ্যে নিশ্চয় আবন্টন হ'ব। এটা অত্যাধুনিক বিমান বন্দৰ যদি স্থাপন কৰা যায় তেতিয়া যোগাযোগৰ ক্ষেত্রত,বিমান সেৱাৰ ক্ষেত্রত যথেষ্টখিনি সুবিধা হ'ব। ৰাস্তাৰ ক্ষেত্রত ইতিমধ্যে কিছু পৰিৱর্ত্তন হোৱা দেখা গৈছে কিন্তু আৰু পৰিৱর্ত্তন আনিব লাগিব। মই নকওঁ যে ৰাস্তাৰ ক্ষেত্রত যথেষ্ঠ কাম হৈছে। বর্ত্তমান চৰকাৰে যদি আৰু আগভাগ লয় তেন্তে যোগাযোগৰ ক্ষেত্রত যথেষ্ট অগ্রগতি লাভ হ'ব। আজি নিবনুৱাৰ সমস্যাৰ কথা ইয়াত কোৱা হৈছে। বৰাকৰ লগতে সমগ্র ৰাজ্যতে

তথা দেশতে নিবনুৱা সমস্যাই গা কৰি উঠিছে। যিহেতু আজি বৰাক ভেলীৰ বিশেষ আলোচনা অনুষ্ঠিত কৰা হৈছে মই বিশেষভাবে এটা কথা ক'ব বিচাৰো যে তাত যিখিনি চাহ বাগিছা আছে আৰু যিহেতু বৰাক উত্যকাত কৃষি এটা মূল জীবিকা। সেয়েহে কৃষিৰ ওপৰত গুৰুত্ব দিয়াটো উচিত হ'ব। বিশেষকৈ তাত কোনো মেজৰ ইণ্ডাষ্ট্রি নাই। এটা আছিলে কাগজ কল সেইটো এতিয়া মৃতপ্রায়। সেইটো পুনৰজীবিত কৰিব লাগে। তাৰ লগতে বদৰপুৰত যিটো চিমেন্ট ফেক্টৰী আছে সেইটোৰো মৃত্যু হ'ল। সেয়েহে কৃষিভিত্তিক অর্থনীতি আমি গঢ়ি তুলিলে ভাল হ'ব। গতিকে আমি Agrobased আৰু food processing ৰ ক্ষেত্রত যদি বিশেষ গুৰুত্ব আৰোপ কৰো তেতিয়া হ'লে হয়তো কিছু পৰিমাণে নিবনুৱা সমস্যাৰ সমাধান হ'ব। আৰু এটা কথা হ'ল তাত যিখিনি খাদ্য সামগ্রী উৎপাদন হয়, সেই খাদ্য সামগ্রীখিনি ৰাখিবৰ কাৰণে Cold Storage নাই। গতিকে যদি তাতে কিছুমান ঠাই আমি চিলেক্ট কৰি লওঁ য'ত কৃষি উৎপাদন যথেষ্ট পৰিমাণে হয় আমি যদি তাত Cold Storage বনাও তেতিয়া হ'লে খেতিয়কসকলে নিশ্চয় তেওলোকৰ প্রাপ্যটো পাব। নিশ্চয় তেওলোকো অর্থনৈতিক ভাবে আগবাঢ়ি যাব। গতিকে এনে ধৰণৰ কৃষিভিত্তিক আঁচনি আজি যদি বৰাকভেলীত লোৱা হয় - তেন্তে বৰাকবাসী নিশ্চয় আগবাঢ়ি যাব। ইয়াৰ লগতে আর্থসামাজিক দিশৰ লগতে সাংস্কৃতিক দিশটোও শক্তিশালী কৰাৰ ক্ষেত্রত আমি ব্যৱস্থা কৰিব লাগিব। আমাৰ সাংস্কৃতিক বিনিময়ৰ জৰিয়তে বৰাক উপত্যকাৰ লগত সামাজিক ঐক্য , একতা আমি বজাই ৰাখিব পাৰিম। সাংস্কৃতিক বিনিময়ৰ জৰিয়তেএকতাৰ এনাজৰীডাল টনকিয়াল কৰাত যথেষ্ঠ সুবিধা হয়। গতিকে আমি এইটো দিশত গুৰুত্ব দিব লাগে। বৰাক উপত্যকাত বিভিন্ন জাতি জনগোষ্ঠীৰ মানুহে বাস কৰে। আমি তাত বাস কৰা ক্ষু দ্র ক্ষুদ্র জনগোষ্ঠীকে ধৰি সকলো জাতি জনগোষ্ঠীৰ আর্থ সামাজিক, সামাজিক, ভাষিক, সাংস্কৃতিক দিশত বিকাশৰ বাবে সমানে কাম কৰিব লাগিব। ক্ষুদ্র যিবিলাক জনগোষ্ঠী যেনে- মাৰ জনগোষ্ঠী, বিষ্ণুপ্রিয়া জনগোষ্ঠী তেনেকুৱা জনগোষ্ঠীবিলাকৰ সামগ্রিক উন্নয়নৰ বাবেও নিশ্চয় ৰাজ্য চৰকাৰে কাম কৰিব লাগিব। তেঁওলোকৰ ভাষিক, সাংস্কৃতিক, আর্থসামাজিক দিশতো কাম কৰিব লাগিব। ইতিমধ্যে অসম সাহিত্য সভাই সুন্দৰ পদক্ষেপ গ্রহণ কৰিছে। তাত এটা সাংস্কৃতিক বিনিময়ৰ ব্যৱস্থা কৰিছে- আমাৰ মাননীয় মন্ত্রী পৰিমল শুক্লবৈদ্য ডাঙৰীয়াই যথেষ্ট সহায় কৰা বুলি জানিব পাৰিছো। আমাৰ প্রতিনিধিসকলেও যথেষ্ট সহায় কৰিছে। সাংস্কৃতিক বিনিময়ৰ যোগেদি আমাৰ একতাৰ এনাজৰীডাল সবল কৰাত যথেষ্ট সহায় হ'ব। যদি তাত সাংস্কৃতিক বিনিময়ৰ বাবে এটা চেন্টাৰ দিয়া যায় তেতিয়া হ'লে বৰাক বাসী ৰ লগতে পার্ব্বত্য জিলাৰ জনসাধাৰনৰ লগত ব্রহ্মপুত্র উপত্যকাৰ ৰাইজৰ মাজত একতা আৰু ঐক্যৰ এনাজৰীডাল শক্তিশালী হ'ব।

(সভাপতিৰ আসনত মননীয় বিধায়ক শ্রী পবিন্দ্র ডেকা উপবিষ্ট)

শ্রী ৰমেন্দ্র নাৰায়ণ কলিতা (পশ্চিম গুৱাহাটী) ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপুনি Stake-holder ৰ যি বৈঠক আহ্বান কৰিছিল তাত এটা পৰামর্শ দিছিল যে প্রয়োজন সাপেক্ষে আমাৰ ইয়াত যি মহাবিদ্যালয় বা বিশ্ববিদ্যালয়ৰ ছাত্র-ছাত্রী আছে তেওঁলোকে তাৰ মহাবিদ্যালয় ,বিশ্ববিদ্যালয় আদিৰ লগত সাংস্কৃতিক বিনিময় কৰাটো উচিত হ'ব বুলি ভাৰো। ব্রহ্মপুত্র উপত্যকাৰ ছাত্র-ছাত্রীয়ে বৰাক উপত্যকা আৰু বৰাক উপত্যকাৰ ছাত্র-ছাত্রীয়ে ব্রহ্মপুত্র উপত্যকাৰ লগত যোগা-যোগ ৰাখি যদি সাংস্কৃতিক বিনিময় কৰে তেতিয়া গুৰিৰ পৰাই আমাৰ একতাৰ এনাজৰীডাল সুদৃঢ় হ'ব। এইক্ষেত্রত কিছু বিশেষ ব্যৱস্থা গ্রহণ কৰিবলৈ চৰকাৰক অনুৰোধ জনাইছো।

অধ্যক্ষ মহোদয়, শিলচৰত দেশভক্ত তৰুণ ৰাম ফুকন নামৰ অসমীয়া মাধ্যমৰ বিদ্যালয়

আছে। তাত বহু দূৰ-দূৰণিৰ পৰা অসমীয়া ছাত্ৰ-ছাত্ৰীয়ে পাঠ গ্ৰহণ কৰিব আহে। মই ভাৱো এই বিদ্যালয়খনত হোষ্টেলৰ ব্যৱস্থা কৰিলে দূৰ-দূৰণিৰ ছাত্ৰ-ছাত্ৰী সকলেও তাত থাকি শিক্ষা গ্ৰহণ কৰি উপকৃত হ'ব আৰু চৰকাৰৰ ফালৰ পৰাও ই এটা ভাল পদক্ষেপ হ'ব।

অধ্যক্ষ মহোদয়, বৰাক উপত্যকাত ইঞ্জিনিয়াৰিং কলেজ, মেডিকেল কলেজ আছে, তাত যদি এখন কৃষি মহাবিদ্যালয় বা বিশ্ববিদ্যালয় স্থাপন কৰিব পৰা যায়, তেতিয়া বৰাক উপত্যকাৰ মানুহখিনি যথেষ্ট উপকৃত হ'ব।

অধ্যক্ষ মহোদয়, বৰাক উপত্যকাত" চন বিল" নামৰ এখন বিল আছে। এই বিলখনৰ পৰিসৰ প্ৰায় 30 Sq. Km. আমাৰ ইয়াত থকা দীপৰ বিল খনতকৈও ডাঙৰ। এই বিলখনক যদি বৰ্তমান অৱস্থাৰ পৰা উন্নত কৰি এটা পৰ্যটন ক্ষেত্ৰ হিচাপে গঢ় দিব পৰা যায় তেতিয়া হলে বৰাক উপত্যকাৰ বাবে এটা অন্যতম উল্লেখনীয় কামৰ পদক্ষেপ গ্ৰহণ কৰা হ'ব। তাৰোপৰি এই বিল খনত যদি বিজ্ঞান সন্মত ভাৱে মাছ উৎপাদন কৰাৰ ব্যৱস্থা কৰা যায় তেতিয়াহ'লেও তাত যথেষ্ট সংখ্যক মাছ উৎপাদন কৰিব পৰা যাব বুলি মই ভাবো। আমাৰ মীন বিভাগৰ মাননীয় মন্ত্ৰী মহোদয়ে যদি এইক্ষেত্ৰত এটা Composit Scheme লৈ বিল খনৰ উন্নয়ণৰ কাৰণে ব্যৱস্থা গ্ৰহণ কৰে , বৰাক অঞ্চলত যথেষ্ট উন্নয়ণ সাধন কৰিব পৰা যাব।

এই বৰাক উপত্যকাৰ বহু অঞ্চল বানপানীৰ কবলত পৰাৰ ফলত যথেষ্ট গড়াখহনীয়া হোৱা দেখা যায়। সেইবাবে কৰিমগঞ্জ, হাইলাকান্দি আৰু শিলচৰৰ অঞ্চল কেইটাক সামৰি যদি এটা মাষ্টাৰ প্লেন লৈ গড়াখহনীয়া ৰোধ কৰি উন্নয়নৰ হ'কে কাম কৰাৰ ব্যৱস্থা কৰা হয়, তেতিয়া তাৰ নাগৰিক সকলে অর্থনৈতিকভাৱে যথেষ্ট লাভান্বিত হ'ব বুলি মই ভাৱো।

ইয়াৰোপৰি লক্ষীপুৰ অঞ্চলটোত Agro-based Industry আৰু food processing Industry খোলাৰ যথেষ্ট scope আছে। গতিকে এই অঞ্চলৰ যি মহকুমা আছে তাত কিছু ব্যৱস্থা গ্ৰহণ কৰাৰ বাবে মই অনুৰোধ জনাইছো। অধ্যক্ষ মহোদয়, এইখিনিতে মই দুর্নীতি সম্পর্কত এটা উদাহৰণ দিব বিচাৰিছো। লক্ষীপুৰ চাব-ডিভিজনত মই এটা সময়ত এল,পি স্কুলৰ কমিটীৰ সভাপতি আছিলো। তেতিয়া মই আচৰিত হৈছিলো যেতিয়া প্ৰত্যেকজন মানুহ আহি মোক সোধে কিমান টকা লাগিব বুলি। তেওঁলোকে চাকৰিৰ বাবে ২লাখ, ৩ লাখ, ৪লাখ টকা দিব বিচাৰে মোক। টকা নিদিয়াকৈ চাকৰি পোৱা কথাটো তেওঁলোকে ভাবিব নোৱাৰে। আনকি কমিটীৰ সদস্য সকলেও চেয়াৰমেনক পইচা দিব লাগিব বুলি টকা সংগ্ৰহ কৰা মই গম পাইছিলো। সেইবাবে মই মোৰ বদনাম হ'ব বুলি কাকো চাকৰি নিদিলো। এজনকো চাকৰি নিদিয়াৰ বাবে হয়তো মোক বহুতে বেয়াও পাইছে। মই তেওলোকৰ মানসিকতাৰ কথা কবলৈ গৈহে কথাখিনি কৈছো। এতিয়া অৱশ্যে যথেষ্ট পৰিৱর্তন হৈছে। ৰাইজৰ প্ৰতিনিধি আহিছে আৰু যথেষ্ট কামো হৈছে। গতিকে তেওঁলোকে যদি বলিষ্ঠ পদক্ষেপ গ্ৰহণ কৰে তেনেহ'লে ভৱিষ্যতে আমি বৰাক উপত্যকাখনক উন্নত,আধুনিক ৰূপত দেখা পাম। এইখিনি কৈ মই মোৰ বক্তব্যৰ সামৰণি মাৰিছো।

সভাপতি (পবিন্দ্র ডেকা) ঃ ধন্যবাদ, এতিয়া শ্রী সুজাম উদ্দিন লস্কৰ ।

সুজাম উদ্দিন লস্কর (কাটলিছেড়া)ঃ পরম শ্রদ্ধেয় সভাপতি মহাশয়, অধ্যক্ষ মহোদয় বরাকের সমস্যা গুলো নিয়ে আলোচনার জন্য তিনি যে ঐতিহাসিক পদক্ষেপ নিয়েছেন, তার জন্য তিনি ধন্যবাদের পাত্র। সভাপতি মহাশয় আপনি নিজে অবগত আছেন, আমাদের বরাকে তিনটি জেলা কাছাড়, হাইলাকান্দি, ও করিমগঞ্জ। এর মধ্যে বরাকের সবচেয়ে পিছ পড়া জেলা হাইলাকান্দি। বেহাল যোগাযোগ ব্যবস্থা, ক্ষুদ্র ও মাঝারি শিল্প প্রতিষ্ঠানের অভাব, কৃষি নির্ভর অর্থনীতিতে কৃষি

পণ্যের বৈজ্ঞানিক ভাবে সরকারি তরফে সংস্করণের ব্যবস্থা না থাকায়, হাইলাকান্দি সহ গোটা উপত্যকার অর্থনীতি মুখ থুবড়ে পড়েছে। তাই হাইলাকান্দি সহ বরাক উপত্যকার সার্বিক উন্নয়নে প্রতিবন্ধকতার সৃষ্টিকারি সমস্যাগুলো স্বল্প পরিসরে তুলে ধরার চেষ্টা করব। হাইলাকান্দি জেলা এখনও দূর পাল্লার ট্রেনের মানচিত্রের বাইরে রয়েছে। শিলচর ও ভৈরবী রুটে অসম মিজোরাম একটি ট্রেন চলে। কিন্তু বর্তমান দিনে আমাদের গুয়াহাটি, দিল্লি গামী বা দেশের গুরুত্বপূর্ণ স্থানের সাথে যোগযোগ করার কোন ট্রেন নাই । তাই লালা ও হাইলাকান্দি স্টেশনকে আপগ্রেড করে ভৈরবী থেকে হাইলাকান্দি হয়ে দূর পাল্লার ট্রেন শীঘ্রহ চালু করার জন্য জোরালো দাবি জানাচ্ছি। দুটা রাজ্যের মধ্যে ট্রেন চলে কিন্তু গুয়াহাটি আসার মতো কোন ব্যবস্থা নাই। বরাক উপত্যকার এক মাত্র শিল্প প্রতিষ্ঠান হাইলাকান্দি জিলা স্থিত পাঁচগ্রাম পেপার মিলকে পুনুরুজ্জিবীত করা । করিমগঞ্জে একটি মেডিক্যাল কলেজ স্থাপনের প্রস্তাব নেওয়া হচ্ছে। একটি মেডিক্যাল কলেজ শিলচরে আছে। হাইলাকান্দি ও করিমগঞ্জ দুটি জেলার মধ্যে সোন বিল এলাকায় যাতে নতুন মেডিক্যাল কলেজ টি স্থাপন করা হয় তাহলে হাইলাকান্দি ও করিমগঞ্জ দুটি জেলাই উপকৃত হবে। হাইলাকান্দি জেলার গ্রামাঞ্চলের জনস্বাস্থ্য কারিগরি বিভাগের তিনশোর উপরে প্রকল্প আছে। জলপ্রকল্প গুলো থেকে বিগত এক বছর যাবৎ জল সাপ্লাই দেওয়া হচ্ছে না। সেগুলো যাতে অতি তাড়াতাড়ি চালু করে জলের ব্যবস্থা করা হয়। মানুষ বিভিন্ন রোগে আক্রান্ত হচ্ছেন, তাই শীঘ্রই এইসব জল প্রকল্প গুলো চালু করার দাবি জানাচ্ছি। বরাকের আর্থ-সামাজিক উন্নয়নে হাইলাকান্দি, কাছাড়, করিমগঞ্জে বহু চা বাগান আছে। তার মধ্যে হাইলাকান্দি জেলার ১৯ টি চা বাগান বিভিন্ন সমস্যায় জর্জরিত। রাস্তা ঘাট ও পাণীয় জলের সমস্যায় বাগানের চা শ্রমিকদের ভুগতে হচ্ছে। এই সমস্যার সমাধানের পাশাপাশি ব্রহ্মপুত্র উপত্যকার শ্রমিকদের মতো বরাক উপত্যকার চা শ্রমিকদের মজুরি নিশ্চিত করা। বরাক উপত্যকায় গজিয়ে উঠা কয়লা ও সার সিন্ডিকেটের জন্য একদিকে চা শিল্প যেমন সংকটে তেমনি কালো বাজারের জন্য সারের অস্বাভাবিক মূল্য বৃদ্ধি হাইলাকান্দি সহ বরাক উপত্যকার কৃষকদের সংকটে ফেলেছে। তাই কয়লা ও সারের কালোবাজারি রোধ করার জন্য বিশেষ আর্জি জানাচ্ছি। হাইলাকান্দি সহ বরাক উপত্যকার অর্থনীতির মূল চাবি কাঠি হচ্ছে কৃষি কিন্তু সরকারি ভাবে এই কৃষি পণ্য সংরক্ষণের কোন ব্যবস্থা নেই। তাই উপত্যকার তিনটি জেলায় একটি করে কোল্ড স্টরেজ স্থাপানের জন্য দাবি রাখছি।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, কোন এলাকার আর্থ-সামাজিক উন্নয়নের জন্য উন্নত যোগাযোগ ব্যবস্থার গুরুত্ব অপরিসীম। এই কারণে শিলচর হাইলাকান্দি রোডে মাটিজুরিতে ধলেশ্বরী নদীর উপর একটি সেতু নির্মানের দাবি জানাচ্ছি। কেন না বর্তমানে সিঙ্গল লাইনের যে সেতু রয়েছে সেই সেতু টা রুগ্ন হয়ে পড়েছে। যে কোন সময় অঘটন ঘটতে পারে। বিশেষ করে লালাছড়াতে ধলেশ্বরীতে আরে একটি সেতু নির্মান জরুরী হয়ে পড়েছে। দক্ষিণ হাইলাকান্দির সীমান্তে জাতীয় সড়কের অবস্থা বেহাল হয়ে পড়েছে, ফলে মিজোরামের সঙ্গে যোগাযোগ রক্ষা মুশকিল হয়ে পড়েছে। এই জাতীয় সড়কের এই অংশটি দ্রুত মেরামতির জন্য দাবি জানাচ্ছি। এছাড়া কাটলিছেড়া বিধান সভা এলাকায় পূর্ত বিভাগ গ্রামীণ সড়কের অধীনে ২৭ কোটি টাকার একটি প্রকল্প বিগত দশ বছর আগে অনুমোদন পেয়েছিল। ২ বছর কাজ হয়েছে আর এরই মধ্যে ২৬ কোটি টাকা ইতিমধ্যে পেমেন্ট হয়ে গিয়েছে। কিন্তু রাস্তার ৫০ শতাংশ কাজ সম্পূর্ণ হয় নাই। এই অবস্থায় উচ্চ পর্যায়ের তদন্ত করে দোষী আধিকারিক ঠিকাদারের শাস্তি দাবি করে বেহাল রাস্তাটির কাজ শেষ করার জোরালো দাবি জানাচ্ছি।মেডিক্যাল দুয়ারবন্ধ হয়ে অসম ও মিজোরামের একটি রাস্তা, সেই রাস্তার অবস্থাও

খুব খারাপ। প্রধানমন্ত্রী সড়ক যোজনার অধীনে আমার সমষ্টির ৮ টি রাস্তা এখনও অসম্পূর্ণ অবস্থায় পড়ে আছে। আমি বিগত বিধান সভায় দুই তিন বার এই সমূহ প্রশ্ন এনেছিলাম কিন্তু আজ পর্যন্ত সেই রাস্তাগুলোর কাজ শুরু হয় নাই। কাটলিছেড়া সহ পুরো দক্ষিণ হাইলাকান্দিতে বিদ্যুৎ সমস্যায় নাজেহাল মানুষ। কেন্দ্রের বিভিন্ন প্রকল্পের মাধ্যমে গ্রামাঞ্চলে বিদ্যুতের লাইন পৌছে গেলেও, লো-ভলটেজ আর লোডশেডিং এর জন্য নাজেহাল এই অঞ্চলের মানুষ। এই সমস্যা সমাধানের জন্য কাটলিছেড়া বিদ্যুৎ বিভাগের অধীনে একটি সাব স্টেশনের দাবি রাখছি। দক্ষিণ হাইলাকান্দির সীমান্ত এলাকায় কাটলিছেড়া চালমার্স এইচ এস স্কুলের পরে আর কোন সরকারি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় কিংবা জুনিয়র কলেজ নেই। ফলে উচ্চতর শিক্ষা থেকে এই এলাকার অনেক গরীব ছাত্র ছাত্রী বঞ্চিত থাকেন। তাই সীমান্ত এলাকায় থাকা মণিপুর হাইস্কুল ও ঘড়মূড়া কালীবাড়ি হাইস্কুলের সংগে এইচ এস স্কুল কিংবা জুনিয়র কলেজ নতুবা সিনিয়র সেকেণ্ডারি স্কুল স্থাপনের দাবি জানাচ্ছি। দক্ষিণ হাইলাকান্দিতে পালইছড়াতে একটি মডেল ডিগ্রী কলেজ স্থাপনের জন্য টাকা বরাদ্দ হলেও এখনও কাজ শুরু হয়নি। মাটিকাটা ও এপ্রোচ রোডের জন্য পৃথক অর্থ বরাদ্দের প্রয়োজন। হাইলাকান্দির অর্থনৈতিক বিকাশে আনারস এবং পান চাষ গুরুত্বপূর্ণ ভূমিকা নেয়। দক্ষিণ হাইলাকান্দির উপজাতি পুঞ্জি গুলোতে মূলত আনারস ও পান চাষ হয়ে থাকে। কাটলিছেড়ার গারদপুঞ্জীর আনারস হাইলাকান্দির চাহিদা মিটিয়ে অন্য জেলায় চালান হয়। কিন্তু পরিকল্পনার অভাবে আনারস চাষীরা সেভাবে কোন মুনাফার মুখ দেখেন না। তাই কাছাড় জেলায় লক্ষীপুরের উৎপাদিত আনারসকে যেভাবে আর্ন্তজাতিক বাজার দেওয়ার জন্য সরকার উঠে পড়ে লেগেছেন। ঠিক সেই ভাবে গারদপুঞ্জীর আনারসকে আর্ন্তজাতিক বাজারে পৌছাতে সরকার যেন পদক্ষেপ নেয়। সঙ্গে পানের রপ্তানীর ব্যাপারে যেন পদক্ষেপ গ্রহন করা হয়। হাইলাকান্দি অসম মিজোরাম সীমান্ত সমস্য দীর্ঘ দিনের। অসমের প্রচুর জমি মিজোরাম সরকার জবর দখল করে আছে। এই জমি উদ্ধার ও দুদিন পর পর মিজো আস্ফালন বন্ধ করতে সীমান্ত সমস্যার স্থায়ী সমাধানের আর্জি জানাই। কাটলিছেড়াকে বিগত সরকারের আমলে মহকুমা হিসাবে ঘোষণা করা হলেও তা এখনো বাস্তবায়িত হয়নি। মহকুমা শাসকের কার্য্যালয়ের কাজ শুরু হলেও তা রহস্যজনক ভাবে বন্ধ রয়েছে তাই কাটলিছেড়া ও কাটিগড়াকে পূর্ণাঙ্গ মহকুমা হিসাবে উন্নত করতে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার আর্জি জানাই। হাইলাকান্দিতে পূর্ত বিভাগ (বিল্ডিং) এর ডিভিশন কার্য্যালয় না থাকায় সরকারি বিভিন্ন প্রকল্প বাস্তবায়নে ব্যাঘাত ঘটে। তাই শীঘ্রই হাইলাকান্দিতে এই বিভাগের ডিভিশন কার্য্যালয় স্থাপনের দাবী জানাই। বরাক উপত্যকার তিন জেলায় ১৯৯০ সালে সেটেলমেন্ট অপারেশন শুরু হয়। কিন্তু তালবাহানার পর ২০০৯ সালে করিমগঞ্জ জেলায় সেটেলমেন্ট অপারেশন শেষ হলেও এখন পর্যন্ত কোন রহস্যজনক কারণে হাইলাকান্দি ও কাছাড়ে সেটেলমেন্টের কাজ শেষ হয়নি। এতে জমির নাম জারি হওয়া জমি সংক্রান্ত অন্যান্য বিষয়ে সাধারণ মানুষ হয়রানির মুখে পড়ছেন। তাই হাইলাকান্দি ও কাছাড়ে সেটেলমেন্ট অপারেশন শীঘ্রই শেষ করার দাবি জানাচ্ছি।

Hon'ble Speaker :-Try to conclude.

শ্রী সুজামুদ্দিন লস্কর (কাটলিছেড়া) ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, বরাকের উন্নয়নে তিন জেলার মধ্যে নতুন আরেকটি বিমান বন্দর ও শিলচরের ব্যস্ততম এলাকা প্রেম তলা পয়েন্ট থেকে শিলচর মেডিক্যাল কলেজ পর্যন্ত যানজট এড়াতে ফ্লাই ওভার নির্মানের জন্য আবেদন রাখছি। এছাড়া উল্লেখিত সমস্যা সমাধানে ও উপত্যকার আর্থ সামাজিক উন্নয়ন তরান্বিত করতে বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য পরিষদ ও পৃথক অর্থনৈতিক উন্নয়ন পরিষদ গঠনের যে দাবি জানিয়ে আসছি তা

বাস্তবায়নের দাবি জানাচ্ছি। আরেকটি সমস্যা আমাদের যদিও ব্রজগেজ হয়েছে। ট্রেন গুয়াহাটি অভিমুখে আসে লামডিং হয়ে সেখানে যদি লামডিংকে বাদ দিয়ে ভৈরবী শিলচর রুটে চলা বর্তমান পেসেঞ্জার ট্রেন সপ্তাহে ৭ দিন নিয়মিত চালানো হোক। এখানে ট্রেন অনিয়মিত চালানোর জন্য যাত্রীরা বিপাকে পড়েন। বরাক উপত্যকা থেকে গুয়াহাটি অভিমুখে চলা সব ট্রেন মান্দারডিসা পাথরখোলা হয়ে চালানো হোক, লামডিং কে বাদ দিয়ে। তার জন্য তিন চার ঘন্টা সময় আমাদের বেঁচে যাবে। অসমের বাইরে কর্মরত বরাক উপত্যকার শ্রমিকদের নিরাপত্তা সুনিশ্চিত করা হোক। কর্ণাটক সরকারের সঙ্গে আলোচনা করে বার বার শ্রমিক হত্যার রাস্তা বন্ধ করা হোক। মিজোরাম, নাগাল্যাণ্ড, মণিপুর, মেঘালয়ে ধারাবাহিক শ্রমিক নির্যাতন বন্ধ করা হোক। অসম বিশ্ববিদ্যালয়ের অধীনে একটি মেডিক্যাল কলেজ স্থাপনের দাবি জানাই। ঘাড়মোড়া থেকে বরাক নদী অবধি কাটাখাল নদীর উভয় তীরের ডাইকের সব ভাংগনগুলোর স্থায়ী মেরামত করতে রিটেনশন ওয়াল দ্বারা স্থায়ী ও শক্ত কাজের ব্যবস্থা করা হোক। আংকাই লংকাই বাঁধের উপর নির্মিত সেতু সে অঞ্চলে বন্যার প্রধান কারণ সেতুর স্থলে বাঁধকে শক্তিশালী করে নির্মান করা দরকার। জেলার প্রত্যেক পানীয় জল প্রকল্পকে কার্য্যকরি করে তোলা হোক। বরাক উপত্যকার সড়কগুলোর স্থায়ী মেরামতি করা হোক। ধন্যবাদ।

Hon'ble Speaker :-Thank you. You can give the written speech, so that we can record it properly. **ইয়াৰ পিছত শ্রী ৰাজদ্বীপ গোৱালা, তাৰ পিছত ঋতু পর্ন বৰুৱা।**

শ্রী ৰাজদ্বীপ গোৱালা (লক্ষীপুর) ঃ- Hon'ble Speaker sir,

Hon'ble Speaker:- Just one minute. Actually I have received around list of 20 members. So, you have to try to conclude yourself. Otherwise it will be difficult. Minimum 10 and maximum 15 minutes.

শ্রী ৰাজদ্বীপ গোৱালা (লক্ষীপুর) ঃ– Hon'ble Speaker Sir, firstly I like to thank you from the bottom of my heart for the initiative you have taken. আমি আপনাকে ধন্যবাদ জানাচ্ছি যে প্রথম বার আমাদের এই অসম বিধান সভাতে বরাক উপত্যকার আর্থিক এবং সামাজিক উন্নয়ন নিয়ে আলোচনা হচ্ছে । এই আলোচনাতে আমি বরাক বাসীর পক্ষ থেকে আপনাকে অশেষ ধন্যবাদ জানাচ্ছি। বরাক উপত্যকার আর্থিক এবং সামাজিক উন্নয়নের বিষয়ে আপনি একটা ইনটারক্সন প্রোগ্রাম করছিলেন বিভিন্ন স্টেক হোল্ডারের সঙ্গে। এই ইনটারক্সন প্রোগ্রামে আমি যদিও বিধায়ক হিসাবে বরাক উপত্যকাকে রিপ্রেজেন্ট করছি। কিন্তু এই প্রোগ্রামে আমিও অনেক কিছু তথ্য শিখেছি। জানতে পেরেছি বরাক উপত্যকা সম্বন্ধে। এই অপরচুনেটির জন্য আমি আপনাকে আরও একবার ধন্যবাদ জানাচ্ছি। আজ বরাক উপত্যকার সবথেকে বড় সমস্যা দীর্ঘদিন থেকে যেটা আমরা জানি তা হল যোগাযোগ ব্যবস্থা। আমাদের ১৫ জন বিধায়ক আছেন বরাক উপত্যকায়, সবার মুখে আপনি এই কথাটিই শুনবেন। বিশেষ করে ইষ্ট-ওয়েষ্ট করিডোরের যে প্রজেক্টটি সেটা শুধু বরাক উপত্যকার জন্য নয় সারা অসমের জন্য অত্যন্ত জরুরী। বরাক উপত্যকার সাথে সাথে ডিমা হাসাও ও কার্বি-আংলং এর আর্থিক উন্নয়ন হবে যদি এই ইষ্ট-ওয়েষ্ট করিডোর প্রজেক্টটি যদি কমপ্লিট হয়। যদিও ব্রডগেজ হয়েছে কিন্তু প্রত্যেক মনসুন সিজনে ধসের জন্য ও অনেক প্রাকৃতিক দুর্যোগের জন্য বন্ধ হয়ে থাকে। তার জন্য ডাবল লাইনের প্রস্তাব এসেছিল ইনটারেক্সন প্রোগ্রামে। কিন্তু এই রুটে হয়ত সম্ভব হবে না। চন্দ্রনাথপুর

